# উপজেলা পরিষদ
কাহারোল, দিনাজপুর।

## জানুয়ারি, ২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি: মোঃ আব্দুল মালেক সরকার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর।

তারিখ- ১২/০১/২০২৩ খ্রি:।
সময়: দুপুর ১২:৩০ টা
স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যদের তালিকা: পরিশিষ্ট ‘ক’ তে দেখানো হলো।

<u>সভার আলোচ্যসূচি:</u>

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপির অগ্রগতি বিষয়ে আলোচনা।
৩। বিভিন্ন দপ্তরের চলমান কার্যক্রম পর্যালোচনা।
৪। বিবিধ ।

সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে গত ২২/১২/২০২২ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং বিস্তারিত আলোচনান্তে কার্যবিবরণীর উপর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

২-৪ নং আলোচ্য বিষয়ের উপরে বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১। স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। | ১। বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার<br>২। সংশ্লিষ্ট সকল। |
| ২। কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, চলতি রবি/২০২২-২০২৩ মৌসুমে অত্র দপ্তরের বিভিন্ন ফসলের আবাদ পরিস্থিতি বোরো বীজতলা মোট ২৭৫ হে (হাইব্রিড-১৫ হেঃ, উফশী- ২৬০ হেঃ) যার মধ্যে পলিথিন আবৃত রয়েছে ১২০ হেঃ বীজতলা, সরিষা- ১৫৭৫ হেঃ, ভূট্টা- ৯৭০০ হেঃ, গম- ১৫০ হেঃ, আলু- ২৬৫০ হেঃ, শাকসবজি- ৫১৫ হেঃ, পেঁয়াজ- ১২৫ হেঃ।<br>এছাড়া উপজেলায় সার মজুদ যথেষ্ট রয়েছে এবং অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রয়েছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কাহারোল, দিনাজপুর। |
| ৩। প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ৪। মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ৫। প্রকৌশল বিভাগ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের ২০২২-২০২৩ বছরের অনুমোদিত বাজেট মোতাবেক ২০২১-২০২২ অর্থ বছরের রাজস্ব উদ্বৃত্ত টাকা ১,০৭,৮৩,৪৭২/- (এক কোটি সাত লক্ষ তিরাশি হাজার চারশত বাহাত্তর) গত ০৮/০৬/২০২২ তারিখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত তহবিলে (যার ব্যাংক হিসাব নম্বর- ১৮১৫০৩৩০০১২৯৭) প্রদান করা হয়। কিন্তু ২০২১-২০২২ অর্থ বছর শেষে দেখা যায় যে, উপজেলা পরিষদের বাউন্ডারী ওয়াল ও গেইট নির্মাণ সহ উন্নয়নমূলক কাজের অনুমোদন না | ১) ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অব্যয়িত টাকা ২,৭৪,৩৭,২১২/- (দুই কোটি চুয়াত্তর লক্ষ সাইত্রিশ হাজার দুইশত বারো) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়।<br>২) ২০২২-২০২৩ অর্থ বছরে | উপজেলা প্রকৌশলী, কাহারোল |

| | | | |
|---|---|---|---|
| | পাওয়ায় এবং কোন কোন খাতে ব্যয় কম থাকায় ৩০/০৬/২০২২ তারিখ পর্যন্ত সর্বশেষ ব্যয় অন্তে ক্যাশ বহি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল যার ব্যাংক হিসাব নম্বর- ১৮১৫০৩৩০০৫৩৮৯ ও হিসাব মোতাবেক আরও রাজস্ব উদ্বৃত্ত বাবদ ২,৭৪,৩৭,২১২/- টাকা (দুই কোটি চুয়াত্তর লক্ষ সাইত্রিশ হাজার দুইশত বারো) রয়েছে যা স্থানান্তর করা হয় নাই। স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর হতে প্রেরিত অডিট টীম গত ২৪/১১২০২২ তারিখে অডিট মেমো নম্বর-৭ মাধ্যমে উক্ত অব্যয়িত টাকা ২,৭৪,৩৭,২১২/- (দুই কোটি চুয়াত্তর লক্ষ সাইত্রিশ হাজার দুইশত বারো) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৬(গ) অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে স্থানান্তর করার জন্য নোট দিয়েছেন। এক্ষনে ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অব্যয়িত টাকা ২,৭৪,৩৭,২১২/- (দুই কোটি চুয়াত্তর লক্ষ সাইত্রিশ হাজার দুইশত বারো) উন্নয়ন তহবিলে স্থানান্তর করা প্রয়োজন। উক্ত টাকা ২,৭৪,৩৭,২১২/- (দুই কোটি চুয়াত্তর লক্ষ সাইত্রিশ হাজার দুইশত বারো) উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে স্থানান্তর করা হলে গত ০৮/০৬/২০২২ তারিখের স্থানান্তরিত টাকা ১,০৭,৮৩,৪৭২/- (এক কোটি সাত লক্ষ তিরাশি হাজার চারশত বাহাত্তর) সহ ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত অর্থের পরিমাণ দাড়াবে টাকা ৩,৮২,২০,৬৮৪/- (তিন কোটি বিরাশি লক্ষ বিশ হাজার ছয়শত চুরাশি)।<br>সে প্রেক্ষিতে তিনি ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত তহবিল এর টাকা ৩,৮২,২০,৬৮৪/- (তিন কোটি বিরাশি লক্ষ বিশ হাজার ছয়শত চুরাশি) উপজেলা পরিষদের উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করার জন্য সভায় প্রস্তাব করেন। | উপজেলা পরিষদের রাজস্ব উদ্বৃত্ত বাবদ প্রাপ্ত সর্বমোট টাকা ৩,৮২,২০,৬৮৪/- (তিন কোটি বিরাশি লক্ষ বিশ হাজার ছয়শত চুরাশি) গণ্য করে উপজেলা পরিষদের উন্নয়ন পরিকল্পনা গ্রহণ এবং তা দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।<br>৩) উন্নয়নমূলক সকল কাজের বাস্তবায়ন এপ্রিল/২০২৩ মাসের মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | |
| ৬। বাংলাদেশ পুলিশ বাহিনী | অফিসার ইন-চার্জ কাহারোল থানা সভায় জানান, অত্র উপজেলায় আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য রাত্রিকালীন মোবাইল পুলিশ টিমের তৎপরতা বৃদ্ধি করা হয়েছে। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য অফিসার ইন-চার্জ কাহারোল থানাকে অনুরোধ করা হয় | অফিসার ইনচার্জ |
| ৭। সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান, কাহারোল হাসপাতালে একজন ভবঘুরে মহিলা অবস্থান করছেন। তাকে সরকারি আবাসনে প্রেরণ করা প্রয়োজন। এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | ভবঘুরে মহিলার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ৮। প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান, ১,০৬,৯৭৭ টি বইয়ের চাহিদার বিপরীতে ৭৬,০০০ টি বই পাওয়া গেছে। বই ঘাটতি আছে তবে খুব শীঘ্রই বই এসে পৌছাবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।<br>এছাড়া তিনি জানান, জন্মতথ্য সংশোধনের প্রয়োজনে অনেকেই প্রাইমারি সার্টিফিকেট সংশোধনের বিষয়ে তার স্মরণাপন্ন হচ্ছেন। যা মোটেও কাম্য নয় মর্মে তিনি সভায় জানান। তিনি জানান প্রাইমারী সার্টিফিকেট (PSC) একমাত্র জেলা জেলা কমিটির মাধ্যমে সংশোধন করা সম্ভব। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ৯। মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ৭০% বই পাওয়া গেছে। ৫১ তম শীতকালীন খেলাধূলা চলছে। খেলা চলাকালীন বখাটে ছেলে কর্তৃক মেয়েদেরকে ইভটিজিং এর বিষয়টি প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | ইভটিজিং প্রতিরোধে অফিসার ইনচার্জ, কাহারোল থানাকে অনুরোধ করা হয়।<br>এছাড়া, বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়। | ১। অফিসার ইনচার্জ, কাহারোল থানা<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ১০। উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্ট, উপজেলা রিসোর্স সেন্টার সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রমের পর্যালোচনা করা সম্ভব হলো না। | নিয়মিত সভায় উপস্থিতি নিশ্চিত করার জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার। |
| ১১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান, ইজিপিপি প্রকল্প চলমান এবং ১ম পর্যায়ের কাজ এ মাসে সমাপ্ত হবে। টি.আর, কাবিখা এবং কাবিটা কাজের অগ্রগতি ৫০%। আশ্রয়ন প্রকল্পের ৯৫ টি ঘরের কাজের অগ্রগতি ৮০%। এইচ.বি.বি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। সেতু কালভার্ট প্রকল্পের ০১টি সেতুর কার্যক্রম চলমান রয়েছে। ২৪০০ শীতবস্ত্র বিতরণ সমাপ্ত হয়েছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ১২। পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান, ৪নং তারগাঁও UH& FWC এর সীমানা প্রাচীর নির্মানের জন্য সীমানা নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ১৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাহারোল দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ জানানো হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ১৪। যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১৫। মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান, তার কার্যালয়ের রেজিস্ট্রেশন প্রাপ্ত ৬টি সমিতির সদস্যদের মাঝে বিতরনের জন্য ৩০ টি কম্বলের চাহিদা সভায় উপস্থাপন করেন। | ৬টি সমিতিতে ৩০ টি কম্বল প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল মহোদয়কে অনুরোধ করা হয়।<br>এছাড়া বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হয়। | ১) উপজেলা নির্বাহী অফিসার<br>২) উপজেলা মহিলা বিষয়ক অফিসার |
| ১৬। সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয়ের নির্দেশনা অনুযায়ী মুজিববর্ষ উপলক্ষে নির্মিত ঘরে বসবাসরত উপকারভোগীদের নিয়ে আশ্রয়ণ-২ এর ২টি সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়েছে এবং বেইজ লাইন সার্ভের কাজ চলমান রয়েছে। বেইজ লাইন সার্ভে শেষে আরও আশ্রয়ণ-২ সমিতি গঠন করা হবে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার |
| ১৭। বিআরডিবি বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৮। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রমের পর্যালোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ১৯। আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসারকে অনুরোধ করা হয়। | আনসার ও ভিডিপি অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ২০। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২১। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা সভায় জানান, অত্র কার্যালয়ের চলতি অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম অর্জিত হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | ম্যানেজার, পদাবিফা |
| ২৩। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ২৪। বন বিভাগ | ভারপ্রাপ্ত উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় পর্যালোচনা করা সম্ভব হলো না। | সভায় নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, |
| ২৫। পল্লী বিদ্যুৎ সমিতি | সহকারী জেনারেল ম্যানাজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কাহারোল সভায় জানান, সরকারি কোয়ার্টারের ভাড়াটিয়াদের ক্ষেত্রে বাসা ত্যাগ করার পূর্বে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে বিদ্যুৎ বিল সহ সকল ভাড়া পরিশোধপূর্বক বাসা ত্যাগের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানান। | সরকারি কোয়ার্টারের ভাড়াটিয়ার ক্ষেত্রে বাসা ত্যাগ করার পূর্বে বিদ্যুৎ বিল পরিশোধ সংক্রান্ত প্রত্যয়ন বাধ্যতামূলক করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।<br>বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, ২।এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২৬। উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নেই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার |
| ২৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) জনাব হেলেনা খাতুন সভায় জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় কাহারোল উপজেলায় ৮টি প্রশিক্ষণ সিডিউল অনুযায়ী প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সমাপ্ত হয়েছে। এছাড়া অবকাঠামো খাতে গৃহীত প্রকল্প কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে। | অবকাঠামো খাতে গৃহীত প্রকল্পের কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করার জন্য উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটরকে অনুরোধ করা হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (UDF), উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) |
| ২৮। কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর | কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর সভায় জানান, জানুয়ারি/২০২৩ মাস শীতকালীন তীব্রতা বেশি হওয়ায় কান্তজীউ মন্দির, জাদুঘর ও নয়াবাদ মসজিদে দর্শনার্থীর আগমন তুলনামূলক কম। তবে এই মাসে ভিআইপি উচ্চপদস্থ (সরকারি) অফিসারগণ কান্তজীউ মন্দির, জাদুঘর ও নয়াবাদ মসজিদ পরিদর্শন করেন। এছাড়া মন্দির এলাকায় রাসমেলা পরবর্তী সময়ে অপরিস্কার থাকায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের মৌখিক নির্দেশে পরিস্কার পরিচ্ছন্ন করা হয়। জাদুঘরের ২০টি দোকান/ মার্কেট চালু করা হয়েছে কিন্তু মন্দিরের ১৪টি দোকান এখনও চালু করা হয় নাই।<br>এছাড়া অত্র দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুরকে অনুরোধ করা হয়। | কাস্টোডিয়ান, কান্তনগর প্রত্নতাত্ত্বিক জাদুঘর, কাহারোল, দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| ২৯। তথ্যসেবা কর্মকর্তা | তথ্যসেবা কর্মকর্তা, কাহারোল সভায় জানান, গত অর্থ বছরে প্রতি মাসে ৪টি করে উঠান বৈঠক করা হত। কিন্তু এই অর্থ বছরে ২০২২-২০২৩ প্রতি মাসে ১টি করে উঠান বৈঠকের সিদ্ধান্ত দিয়েছেন। এছাড়া বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে মর্মে তিনি সভায় অবহিত করেন। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ৩০। ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কাহারোল সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। সভাপতি প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গিবিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড- সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন অনুরোধ করেন। | প্রতিটি মসজিদে জুম্মার নামাজের সময় খুতবার পূর্বে জঙ্গি বিরোধী বক্তব্য দেওয়ার বিষয়টি নিশ্চিত করার জন্য ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন,কাহারোলকে অনুরোধ করা হয়। | ফিল্ড সুপার ভাইজার ইসলামিক ফাউন্ডেশন |
| ৩১। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কাহারোল, দিনাজপুর সভায় জানান, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে কোন সমস্যা নাই। | বিভাগীয় কাজ অব্যাহত রাখার জন্য ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সকে অনুরোধ করা হয়। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ৩২। উপজেলা পাট অফিস | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, কাহারোল, দিনাজপুর সভায় জানান, বিভাগীয় কাজ অব্যাহত আছে। কোন সমস্যা নাই। | বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপ সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| বিবিধ-১ | <u>বাল্য বিবাহ, গ্রাম আদালত, জাতীয় শুদ্ধাচার কৌশল, নিরাপদ খাদ্য আইন ২০১৩, নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাইঃ</u><br>সভাপতি বাল্য বিবাহ নিরোধ আইন, গ্রাম আদালত, জাতীয় শুদ্ধাচার কৌশল, নিরাপদ খাদ্য আইন ২০১৩, নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাই কার্যক্রমের অগ্রগতি বিষয়ে সভায় জানতে চান। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার জানান, ইতোমধ্যে কাহারোল উপজেলাকে বাল্যবিবাহমুক্ত ঘোষণা করা হয়েছে এবং বাল্যবিবাহ ও মাদক প্রতিরোধে লক্ষ্যে তথ্য সংগ্রহের জন্য এ কার্যালয়ের সামনে ১টি অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। যা দৈনন্দিন মনিটরিং করা হচ্ছে । নিয়মিত গ্রাম আদালতের তথ্য সংগ্রহ করা হচ্ছে। এছাড়াও জাতীয় শুদ্ধাচার কৌশল, নিরাপদ খাদ্য আইন ২০১৩, নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাইয়ের লক্ষ্যে কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে । | বাল্য বিবাহ নিরোধ আইন,গ্রাম-আদালত, জাতীয় শুদ্ধাচার কৌশল,নিরাপদ খাদ্য আইন- ২০১৩, নির্ধারিত স্থানে কোরবানীর পশু জবাই সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল ইউ,পি চেয়ারম্যান ও কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

( মোঃ আব্দুল মালেক সরকার )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,
কাহারোল, দিনাজপুর

# উপজেলা পরিষদ
## কাহারোল, দিনাজপুর।

স্মারক নং- ০৫.৫৫.২৭৫৬.০০০.২৯.০০১.২১-৫২ (৫০) তারিখ: ১৫ জানুয়ারি, ২০২৩খ্রি.।

<u>অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ</u>

১। জনাব মনোরঞ্জন শীল গোপাল,মাননীয় জাতীয় সংসদ সদস্য-৬,দিনাজপুর-১।
২। সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। মহা-পরিচালক, পরিদর্শন মূল্যায়ণ ও মনিটরিং উইং, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, দিনাজপুর।
৭। উপ পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
৮। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।
৯। সিনিয়র সহকারী সচিব, উপজেলা শাখা-১, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
১০। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাহারোল, দিনাজপুর।
১১। উপজেলা ........................................................................ অফিসার (সকল), কাহারোল, দিনাজপুর।
১২। চেয়ারম্যান, ........................................................................ ইউনিয়ন পরিষদ (সকল), কাহারোল, দিনাজপুর।
১৩। জনাব ........................................................................................................
১৪। অফিস কপি।

১৫.০১.২৩

মোঃ নাইম হাসান খান
উপজেলা নির্বাহী অফিসার
কাহারোল, দিনাজপুর।
ফোনঃ ০২৫৮৯৯২৯৪৬৫
মোবাইল ফোনঃ ০১৭৬১-৪৯৩৫২৭
ই-মেইল: unokaharole@mopa.gov.bd